

বাংলাদেশ বার কাউন্সিল

ইউনিক হাইটস, ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।

ফোনঃ ৮৮-০২-৫৫১৩৮৫০৯, ০২-৫৫১৩৮৫১০

www.barcouncil.gov.bd

স্মারক নং-বিবিসি/রেজিঃ/২০১৯/জরুরী-১৪০৩১৯

তারিখ: ১৪ মার্চ, ২০১৯ খ্রিষ্টাব্দ

জরুরী নোটিশ

[বেসরকারী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন কার্ড বিতরণ সংক্রান্ত]

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নিম্নলিখিত বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণকে নিম্নবর্ণিত শিডিউল অনুযায়ী বার কাউন্সিলের রেজিস্ট্রেশন কার্ড প্রদান করা হইবে। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণকল্পে এই নোটিশে উল্লিখিত সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত সেমিস্টারের শিক্ষার্থীগণকে এতদসংযুক্ত “নমুনা ফরম” পূরণ ও জমাদানপূর্বক এবং টোকেন সংগ্রহপূর্বক নির্ধারিত তারিখ ও সময়ে বার কাউন্সিল অফিস হইতে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করিবার জন্য বলা হইল। প্রার্থীগণের সুবিধার্থে- সংশ্লিষ্ট প্রার্থীদের নাম, পিতার নাম, ভাসিটি-আইডি প্রভৃতি তথ্য এই নোটিশের সহিত ছক-আকারে সংযুক্ত আছে। সংযুক্ত ছক হইতে প্রার্থীগণকে স্ব স্ব নাম অনুযায়ী টোকেন নম্বর বাছাই করিয়া ‘নমুনা ফরমের’ উপরিভাগে মুদ্রিত বৃত্তাকার স্থানে টোকেন নম্বরটি লিখিয়া শিডিউল মোতাবেক নমুনা ফরমটি বার কাউন্সিলে দাখিল করিতে হইবে। (টোকেন নম্বর ছকের বামদিকে মুদ্রিত আছে এবং উক্ত নম্বরের অনুরূপ নম্বর-সম্বলিত “টোকেন-স্লিপ” প্রতিটি নমুনা ফরমের বিপরীতে প্রার্থীগণকে দেওয়া হইবে)।

ক্রমিক নং	বিশ্ববিদ্যালয়ের নাম	ঠিকানা	সেমিস্টার/ব্যাচ (অনার্স)	রেজিস্ট্রেশন কার্ড প্রদানের তারিখ ও সময়
০১।	গ্রীন ইউনিভার্সিটি	বেগম রোকেয়া স্মরণী, ঢাকা।	ফল-২০১৬ স্প্রিং-২০১৭ সামার-২০১৭ ফল-২০১৭ স্প্রিং-২০১৮	১৯-০৩-২০১৯ইং (মঙ্গলবার) (নমুনা ফরম অবশ্যই সকাল ১০.০০ ঘটিকা হইতে দুপুর ১২.৩০ ঘটিকার মধ্যে জমা প্রদান করিয়া টোকেন সংগ্রহ করিতে হইবে)
				২১-০৩-২০১৯ইং (বৃহস্পতিবার) (সকাল ১০.০০ ঘটিকা হইতে বিকাল ১২.৩০ ঘটিকার মধ্যে টোকেন জমা দিয়া রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করিতে হইবে)*
০২।	প্রাইমএশিয়া ইউনিভার্সিটি	বনানী, ঢাকা।	ফল-২০১৬ স্প্রিং-২০১৭ সামার-২০১৭ ফল-২০১৭ স্প্রিং-২০১৮	ঐ
				ঐ

* জোহরের নামাজ ও দুপুরের খাবারের জন্য বিরতি থাকিবে দুপুর ১.০০ টা হইতে ২.০০ ঘটিকা পর্যন্ত।

* বৈদ্যুতিক/যান্ত্রিক ত্রুটির কারণে রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুতি/বিতরণে বিঘ্ন ঘটিলে সেইক্ষেত্রে প্রার্থীগণকে পরবর্তীতে অফিসে যোগাযোগ করিতে হইবে।

উপরোক্ত শিডিউল মোতাবেক সংশ্লিষ্ট প্রার্থীগণকে নির্ধারিত ‘নমুনা ফরম’ যথাযথভাবে পূরণ করিয়া বার কাউন্সিল অফিস, ইউনিক হাইটস, ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা এর ৪র্থ তলার নির্ধারিত কক্ষ/কাউন্টারে জমা দিতে হইবে এবং তাহাদের রেজিস্ট্রেশন কার্ড (সকল কাগজপত্র সঠিক থাকা সাপেক্ষে) অত্র অফিসের ৮ম তলা (রেজিস্ট্রেশন শাখা) হইতে নির্ধারিত কক্ষ/কাউন্টার হইতে বিতরণ করা হইবে।

ইন্টিমেশন ফরম তথা ‘পিউপিলেজ রেজিস্ট্রেশন ফরম’ বিধি মোতাবেক (নির্ভুলভাবে এবং পূর্ণাঙ্গরূপে পূরণকৃত ও চাহিত সকল কাগজপত্রসহ যথাযথভাবে প্রস্তুতকৃত) জমাদানের পর ০৬ (ছয়) মাস অতিক্রান্ত না হইলে রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুত হয় না।

পরবর্তীতে অন্যান্য বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণকে ধারাবাহিকভাবে ধাপে ধাপে রেজিস্ট্রেশন কার্ড প্রদান করা হইবে, যাঁহা যথাসময়ে বার কাউন্সিলের ওয়েবসাইটে নোটিশের মাধ্যমে অবহিত করা হইবে।

রেজিস্ট্রেশন কার্ড বিতরণ কার্যক্রম সূষ্ঠ, সুশৃঙ্খল এবং গতিশীলভাবে সম্পন্নের স্বার্থে সংশ্লিষ্ট সকলকে এই নোটিশে বর্ণিত সময়সূচী/নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করিতে বলা হইল। এর কোনরূপ ব্যত্যয় ঘটিলে কার্ড বিতরণ করা সম্ভব হইবে না।

বিশেষ দ্রষ্টব্যঃ ইন্টিমেশন ফরমে প্রদত্ত নাম/ভাসিটি-আইডি ইত্যাদি তথ্যের সাথে সংশ্লিষ্ট বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রেরিত শিক্ষার্থী তালিকায় দেওয়া নাম/আইডি/তথ্য কোনরূপ গরমিল/অসঙ্গতি পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুত হইবে না। সমস্ত কাগজপত্র/তথ্য সঠিক/যথাযথ/নির্ভুল থাকিলেই কেবলমাত্র রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুত হইতে পারে।

উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ ব্যতীত অন্যান্য সকল (হাইকোর্ট পারমিশন ও জজকোর্ট) রেজিস্ট্রেশন-প্রার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সীমিত পরিসরে থাকিবে।



(মোঃ রফিকুল ইসলাম)

সচিব

(জেলা ও দায়রা জজ)

বাংলাদেশ বার কাউন্সিল।

* ‘নমুনা ফরম’ অপর পৃষ্ঠায় সংযুক্ত করা হইল।